# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) কাছাড় জেলার লক্ষ্মীপুর বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠীর ১৯ হাজার ৩১৮ জন মহিলাকে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীন মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার চেক বিতরণ ।

২) লক্ষ্মীপুর সমজেলার ১৯ টি গ্রামকে ডিমা হাসাও জেলায় অর্ন্তভূক্ত করা হবেনা বলে মুখ্যমন্ত্রীর স্পষ্টীকরণ ।

৩) সোণাপুরের জুবিন গার্গের সমাধিক্ষেত্রে আইন ভংগকারী লোকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

এবং

৪) শিক্ষা সঞ্চালকালয়ের অধীন ৫ হাজার ৫৫০ টি নিম্ন ও উচ্চ প্রাথমিক পর্যায়ের শিক্ষক পদের দ্বিতীয় মেধা তালিকা আজ রাত ৯ টায় প্রকাশের ব্যবস্থা ।

------------------------------------------------------------------------------------

বিজেপি সরকার মহিলাদের উন্নয়নে প্রতিনিয়ত কাজ করে চলেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উল্লেখ করেন । আজ কাছাড় জেলার লক্ষ্মীপুর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন কার্যসূচীতে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ড: শর্মা একথা বলেন । মুখ্যমন্ত্রী আজ বিন্নাকান্দি মন্ডল বিজেপি কার্যালয় ও লক্ষ্মীপুর মন্ডল বিজেপি কার্যালয়ের উদ্বোধন করেন । এরপর মুখ্যমন্ত্রী লাবক খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে লক্ষ্মীপুর বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠীর ১৯ হাজার ৩১৮ জন মহিলাকে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে চেক বিতরণ করে বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩ কোটি মহিলাকে লক্ষপতি করার পরিকল্পনা নিয়েছেন । এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে আত্মসহায়ক গোষ্ঠীর মাধ্যমে মহিলাদের আর্থিক বিকাশ সুনিশ্চিত করা ।বর্তমানে

রাজ্যের ৪০ লক্ষ মহিলা প্রায় ৪ লক্ষ আত্মসহায়ক গোষ্ঠীর সংগে জড়িত রয়েছে । আগামী পয়লা জানুয়ারী থেকে অরুনোদয় প্রকল্পের হিতাধিকারীরা রন্ধন গ্যাস ক্রয়ের ক্ষেত্রে ২৫০ টাকা করে ভতুর্কি লাভ করবে ।লক্ষ্মীপুর বিধানসভা কেন্দ্রের আরো তিন হাজার মহিলাকে অরুণোদয় প্রকল্পে অর্ন্তভূক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । মুখ্যমন্ত্রী লক্ষ্মীপুরের ১৯ টি গ্রামকে ডিমা হাসাও জেলায় অর্ন্তভূক্ত করা হবেনা বলে স্পষ্ট করে দিয়েছেন । মহিলা সুরক্ষা নিশ্চিত করতে লাভ জেহাদ রোধে শীঘ্র নতুন আইন প্রণয়ন করা হবে বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা সাংবাদিকদের জানান । লাভ জেহাদে জড়িত থাকা লোকের পিতা মাতাকে ও গ্রেপ্তার করা হবে বলে তিনি মন্তব্য করেন ।

মুখ্যমন্ত্রী বলেন ---

বাইট

সোণাপুরে জুবিন গার্গের সমাধি ক্ষেত্রে আইন ভংগ করা লোকেদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী সতর্ক করে দেন ।জনসাধারণের অনুরোধে জুবিন ক্ষেত্র বন্ধ করার সময়সীমা রাত ১০ টার পরিবর্তে ১১ টা করা হয়েছে বলে ও মুখ্যমন্ত্রী জানান ।

মূখ্যমন্ত্রী আরো বলেন ---

বাইট

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে তার চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন । এটি হবে মন কী বাত অনুষ্ঠানের ১২৭তম পর্ব ।

বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দুরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ আই আর , ওয়েবসাইট , মোবাইল অ্যাপ , প্রধানমন্ত্রীর দপ্তর , তথ্য ও সম্প্রচারকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাতের অনুষ্ঠান প্রচারিত হবে ।আকাশবাণী এই অনুষ্ঠান সম্প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় এই অনুষ্ঠান প্রচার করবে ।

---

সরকার  কেন্দ্রীয় সরকারের  কর্মচারীদের জন্য জাতীয় পেনসন প্রকল্প , এন পি এস ও সংহত  পেন্সন প্রকল্প ইউ পি এসের অর্ন্তগত এল সি সেভেনটি ফাইভ ও বি এল সি বিনিয়োগ বিকল্পের সম্প্রসারণে অনুমোদন দিয়েছে । বেসরকারী গ্রাহকদের জন্য থাকা বিনিয়োগের বিকল্পের মতো কেন্দ্রীয় সরকারের  কর্মচারীরা ও তাদের জন্য দীর্ঘদিন থেকে এই সুবিধা দাবী করে আসছেন । কর্মচারীরা যাতে অবসরকালীন পরিকল্পনা করতে স্বাচ্ছন্দ্য অনুভব করেন ও তাদের পছন্দ অনুযায়ী বিনিয়োগ করতে বিকল্প সুবিধা লাভ করতে পারে সেই উদ্দেশ্যে এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এন পি এস ও ইউ পি এসের অধীনে কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা এখন থেকে বিনিয়োগের বিকল্প সুবিধাগুলি বাছাই করতে পারবেন । এই সিদ্ধান্ত কর্মচারীদের  বিনিয়োগের বিকল্প নির্বাচনের সুবিধা প্রদান করা সহ পরিকল্পনা অনুযায়ী রুপায়নের ক্ষেত্রে সঠিক নির্দেশনা প্রদান করবে ।

---------------------------------------------------------------------------------

সুদীর্ঘ ২২ বছর পর গেরুকামুখে অবস্থিত সুবর্ণশিরি জলবিদ্যুৎ প্রকল্পে গতকাল পরীক্ষামূলক ভাবে ২৫০ মেগাওট বিদ্যুৎ উৎপাদন করা হয় । নির্মাণকারী সংস্থা এইচ পি সির মুখ্য পরিচালন সঞ্চালক ভূপেন্দ্র গুপ্ত গতকাল জলবিদ্যুৎ প্রকল্পটির মোট ৮ টি টার্বাইনের এক নম্বর ইউনিট উদ্বোধন করেন । উল্লেখ্য ২০০৩ সাল থৈকে নির্মাণকাজ শুরু করা এই প্রকল্পটইর বিরোধিতায় সারা আসাম ছাত্রসংস্থা , আসাম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদ , কৃষকমুক্তি সংগ্রাম সমিতি সহ ২০ টির ও বেশী দল সংগঠন প্রতিবাদ গড়ে তুলেছিল । যার ফলে এই প্রকল্পটইর নির্মণকাজ বাধাপ্রাপ্ত হয় ।পরে ২০১৯ সালে প্রকল্পটই পুনরনির্মাণকাজ শুরু হয় এবং গতকাল প্রথমবারের মতো পরীক্ষামূলকভাবে ২৫০ মেগাওট বিদ্যুৎ উৎপাদন করা হয় ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকারের প্রাথমিক সঞ্চালকালয়ের অধীন পাচ হাজার ৫৫০ টি নিম্ন ও উচ্চ প্রাথমিক পর্যায়ের  শিক্ষক পদের  দ্বিতীয় প্রারম্ভিক মেধা তালিকা আজ রাত ৯ টায় প্রকাশ করা হবে । প্রার্থীরা   প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের ওয়েবসাইট ডি ইই . আসাম . গভ . ইন এ গিয়ে  নিজের ফলাফল দেখতে পারবে ।

---------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তে আজ থেকে ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে ছট পূজো পালিত হচ্ছে  । চারদিন ব্যাপী আয়োজিত এই পূজোয় সূর্য দেবতার আরাধনা করা হয় ।ছট পূজোয় উদিত সূর্য ও অস্তমিত সূর্যের উদ্দেশ্যে অর্ঘ্য নিবেদন করা হয় । ভক্তরা আজ

পূজোর প্রথমদিন ‘নাহাই খাই ’উৎসব পালন করেন । ব্রতিরা আজ পবিত্র ব্রত রাখার সংকল্পে পবিত্র স্নান সম্পন্ন করে এবং পূজো অর্চনার পর আহার গ্রহণ করেন ।
বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন স্থানে আজ থেকে ছট পূজো শুরু হয়েছে ।ছট পূজো উপলক্ষে নদী জলাশয় ইত্যাদির ঘাটগুলি সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট পূজো উপলক্ষে সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে পবিত্রতা ও নিয়ম নীতি পালনের দিক থেকে এই উৎসব অদ্বিতীয় , সরলতা ও সংযমের প্রতীক । তিনি বলেন যে ছট পূজোর ঘাটগুলোর দৃশ্য পারিবারিক ও সামাজিক সম্প্রীতি ও সদ্ভাবের প্রেরণা যোগায় ।
স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ছট পূজোর প্রথমদিন ‘নাহায় খায় ’উপলক্ষে সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন ছটপূজো পরম্পরা , আস্থা ও সামাজিক সম্প্রীতির উৎসব ।এই উৎসবে তিনি সবার সুখ সমৃদ্ধি কামনা করেন ।

---

কাছাড় জেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের পক্ষ থেকে ছট পূজায় শান্তি-শৃংখলা, ও নিরাপত্তা বজায় রাখতে  নাগরিকদের উদ্দেশ্যে কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে ছট পূজার অনুষ্ঠান জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ও প্রস্তুত করা ঘাটে করতে হবে । নদী বা জলাশয়ের কাছে অবস্থান করার সময় সর্তক থাকার পাশাপাশি শিশু ও প্রবীনদের সহায়তা করতে বলা হয়েছে । এছাড়া পরিবেশ বান্ধব উৎসব উদযাপনের অঙ্গ হিসেবে আর্বজনা নির্ধারিত স্থানে ফেলতে এবং প্রদীপ ও মোমবাতি নিরাপদ স্থানে রাখার পরামর্শ দেওয়া হয়েছে । জরুরী সহায়তার জন্য নাগরিকদের জেলা দূর্যোগ মোকাবিলা বাহিনীর সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে । যোগাযোগের নম্বর হচ্ছে-০৩৮৪২-২৩৯২৪৯ , ০৩৮৪২-২৩৪০০৫ এবং ৯৪০১৬-২৪১৪১ ।

---

আসাম রাজ্য দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ২৯ শে অক্টোবর রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভূমিকম্প ও অগ্নিকান্ডের মতো বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হবে ।এর অধীনে ঐদিন হাইলাকান্দি জেলার ৬৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে গ্রেট আসাম স্কুল শেক আউট শীর্ষক নহড়া অনুষ্ঠিত হবে । এদিকে এই মহড়ার প্রস্তুতি সম্পর্কে গতকাল জেলা দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের উদ্যোগে জেলা আয়ুক্তের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় ভূমিকম্পে ক্ষয়ক্ষতি হ্রাস করা এবং অগ্নিকান্ডের মতো বিপর্যয় প্রতিরোধ করা সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তোলা নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

ভারতীয় আভ্যন্তরীন জলপথ কর্তৃপক্ষ বরাক নদীতে খনন কাজ আরম্ভ করেছে। বদরপুর ঘাটের জাহাজঘাটে আয়োজিত অনুষ্ঠানে এই খনন কাজের সূচণা করা হয়। প্রায় সাড়ে ১০ কিলোমিটার নদীর খনন কাজের দ্বারা বদরপুর ঘাট পর্যন্ত জাহাজ চলাচল সুষ্ঠু করে তুলতে একটি চ্যানেল নির্মাণ করা হবে। ৩২ মিটার প্রস্থ ও দুই মিটার গভীর পর্যন্ত খনন করার পর এই কাজ সম্পন্ন করা হবে। এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ৪৪ কোটি টাকায় অনুমোন দিয়েছে ও তিন বছরের মধ্যে এই কাজ সম্পন্ন হোয়ার কথা রয়েছে।

------------------------------------------------------------------------------------------------